গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hajj.gov.bd

নং-১৬.০০.০০০০.০০৩.৩৮.০০৪.১৯.১২৪১

তারিখ : ২৭ আষাঢ় ১৪২৬
১১ জুলাই ২০১৯

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ **সরকার কর্তৃক মনোনীত নির্দিষ্ট সংখ্যক ধর্মপ্রাণ মুসলমানকে ২০১৯ খ্রিঃ/১৪৪০ হিজরি সনে রাষ্ট্রীয় খরচে পবিত্র হজ পালনের লক্ষ্যে সৌদি আরব প্রেরণ।**

সূত্র : ১) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর- ১৬.০০.০০০০.০০৩.৩৮.০০৪.১৯.১১৭৯, তারিখ : ০১.০৭.২০১৯ খ্রি.
২) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর- ১৬.০০.০০০০.০০৩.৩৮.০০৪.১৯.১২৩৮, তারিখ : ১০.০৭.২০১৯ খ্রি.

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, রাষ্ট্রপতির কার্যালয়ের আপন বিভাগ হতে ০৯.০৭.২০১৯ খ্রি. তারিখের ০২.০০.০০০০.০০৭.৪৭.২৬০.১৮.৯৭২ নম্বর স্মারক, প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ০৯.০৭.২০১৯ খ্রি. তারিখের ০৩.০০.০০০০.০৭৭. ০৬.০০১.১৯(অংশ-২)-১১৮ নম্বর স্মারক, মাননীয় সংসদ সদস্য আলহাজ্ব সৈয়দ নজিবুল বশর মাইজভান্ডারী ও মাননীয় সংসদ সদস্য শেখ হেলাল উদ্দীন এর নিকট হতে প্রাপ্ত পত্র মোতাবেক সূত্রোক্ত স্মারকদ্বয়ে ২০১৯ সনে রাষ্ট্রীয় খরচের হজে প্রেরণের নিমিত্ত সরকারি আদেশের ১নং সূত্র স্মারকের ক্রমিক-০৮, ২৮ ও ১৭০ এবং ২নং সূত্র স্মারকের ৪৭ নং ক্রমিকে বর্ণিত ব্যক্তিগণের পরিবর্তে নিম্নোক্ত ব্যক্তিগণকে অন্তর্ভূক্ত করা হলো :

০১.	জনাব মো: ইব্রাহিম খলিল, প্রধান বাবুর্চি, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয় (ক্রমিক-০৮)
০২.	জনাব এ কে এম মাহমুদুল হাসান, সার্জেন্ট (ক্লার্ক), সামরিক সচিব শাখা, প্রধানমন্ত্রীর কার্যালয় (ক্রমিক-২৮)
০৩.	জনাব মোহাম্মদ মুরাদুল ইসলাম, পিতা মোহাম্মদ সোলাইমান, ভুজপুর, ফটিকছড়ি, চট্টগ্রাম (ক্রমিক-১৭০)
০৪	জনাব মো: জাহাঙ্গীর আলম, পিতা-মৃত রোকন উদ্দীন শেখ, গ্রাম বড়বাড়ীয়া, উপজেলা-চিতলমারী, জেলা- বাগেরহাট (ক্রমিক-৪৭)

২. রাষ্ট্রীয় খরচে হজ পালনকারী ব্যক্তিবর্গ বিমানের ফ্লাইট প্রাপ্তি সাপেক্ষে সম্ভাব্য ২৯/০৭/২০১৯ ও ৩০/০৭/২০১৯ খ্রিঃ তারিখ (২/১ দিন আগে বা পরেও হতে পারে) সৌদি আরব গমন করবেন এবং বিমানের ফ্লাইট প্রাপ্তি সাপেক্ষে আগামী ১০.০৯.২০১৯ খ্রিঃ তারিখ বাংলাদেশে প্রত্যাবর্তন করবেন।

৩. রাষ্ট্রীয় খরচে হজ পালনের জন্য অনুমোদিত ব্যক্তিদের ২০২০ সালের ১০ ই ফেব্রুয়ারী পর্যন্ত পাসপোর্টের মেয়াদ থাকতে হবে এবং আগামী ১৫.০৭.২০১৯ খ্রি. তারিখের মধ্যে ই-হজ সিস্টেমে ভিসা লজমেন্টের জন্য পাসপোর্ট, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, এক কপি পাসপোর্ট সাইজের ছবি ও অন্যান্য প্রয়োজনীয় সংযুক্তিসহ পূর্ণাঙ্গভাবে পূরণ করে পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা (রুম নং-১০৪) জমা দিতে হবে।

৪. ইহা রাষ্ট্রীয় খরচে হজ সফর হিসেবে গণ্য হবে। রাষ্ট্রীয় হজে প্রেরিত ব্যক্তিবর্গের তালিকায় যে সকল সরকারি কর্মকর্তা/কর্মচারী রয়েছেন তাঁরা সৌদি আরবে অবস্থানকালে নিজ নিজ কর্মস্থল হতে বাংলাদেশে স্থানীয় মুদ্রায় যথারীতি বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। রাষ্ট্রীয় খরচে হজ পালনকারী ব্যক্তিবর্গ সরকারি ব্যবস্থাপনার হজযাত্রী হিসেবে সরকারের সর্বনিম্ন প্যাকেজ মূল্যে উল্লিখিত সেবাসমূহ প্রাপ্য হবেন। তারা দৈনিক ভাতা বা অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। কোনক্রমেই রাষ্ট্রীয় খরচে হজ পালনকারী ব্যক্তিবর্গ (নিজ অর্থায়নে হলেও) স্ত্রী/স্বামী/সন্তানসহ গমন করতে পারবেন না।

৫. জি.ও. তে বর্ণিত যদি কোন ব্যক্তি বিগত বছরে রাষ্ট্রীয় খরচে হজে গমন করে থাকেন তাহলে তার নাম স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকায় পাসপোর্ট জমাদানের/গ্রহণের সময় বর্ণিত ব্যক্তিবর্গের পাসপোর্ট যাচাই-বাছাই সাপেক্ষে বিষয়টি নিশ্চিত করবেন।

৬. যে সব ব্যক্তি ২০১৬, ২০১৭ ও ২০১৮ সনে হজ পালন করেছেন অথবা হজ ভিসা প্রাপ্ত হয়েছিলেন কিন্তু হজে গমন করেননি তাঁদের মধ্যে যারা ২০১৯ সালের পুণরায় হজ পালন করবেন তাঁদের জন্য রাজকীয় সৌদি সরকার কর্তৃক আরোপিত ভ্যাট সহ অতিরিক্ত চার্জ সৌদি রিয়াল ২১০০ (দুই হাজার একশত) সমপরিমাণ অর্থ পরিশোধ করতে হবে।

৭. রাষ্ট্রীয় খরচে হজ পালনকারী ব্যক্তিবর্গের ভ্রমণ ব্যয় চলতি অর্থ বছরে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ''বাংলাদেশের বাহিরে হজ বাবদ ব্যয়'' (কোড নং১৩৫০১০১-১২০০০১৭০১-৩২১১১২৯, ৩২১১১৩০, ৩২৪৪১০১) খাতে বরাদ্দকৃত অর্থ হতে বহন করা হবে। খাবার খরচ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ব্যতীত অন্য কোন ব্যয়/ভাতা প্রাপ্য হবেন না। উল্লিখিত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা হতে মক্কায় খাবার বাবদ ৯,৪৫০/ টাকা কর্তন করে ২০,৫৫০/-টাকা হজ অফিস, আশকোনা, ঢাকা থেকে নগদ প্রদান করা হবে।

৮. রাষ্ট্রীয় খরচে হজ পালনকারী ব্যক্তিবর্গের মক্কা, মদিনায় ভ্রমণসূচী কাউন্সেলর (হজ), মক্কা কর্তৃক চূড়ান্ত করা হবে।

৯. রাষ্ট্রীয় খরচে হজ পালনকারী ব্যক্তিবর্গের সার্বিক ব্যবস্থাপনা সরকারি ব্যবস্থাপনার প্যাকেজ-২ এর হজযাত্রীদের ন্যায় পরিচালক, হজ অফিস, ঢাকার উপর ন্যস্ত থাকবে। পরিচালক, হজ অফিস, ঢাকা রাষ্ট্রীয় খরচে হজ পালনকারী ব্যক্তিবর্গের যাত্রার প্রস্তুতি সম্পন্ন করে ঢাকা হজ অফিসে রিপোর্টিংয়ের জন্য নির্ধারিত সময় জানিয়ে দিবেন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পরিচালক, হজ অফিস, ঢাকার নিকট প্রেরিত হজযাত্রী প্রতি খোরাকি বাবদ ২০,৫৫০/- (বিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা যথাসময়ে হজ ক্যাম্পে হজযাত্রীদের মধ্যে সরবরাহ/বিতরণপূর্বক প্রাপ্তি স্বীকার এ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

১০. রাষ্ট্রীয় খরচে হজ পালনকারী প্রত্যেক হজযাত্রীকে কুরবানি খরচ বাবদ ৪৯০ (চারশত নব্বই) সৌ.রি. এর সমপরিমান অর্থ পৃথকভাবে নিজ দায়িত্বে সঙ্গে নিতে হবে।

১১. সরকারি খরচে একবার যারা হজব্রত পালন করবেন তাঁরা পরবর্তীতে দ্বিতীয় বারের মত সরকারি খরচে হজে যাবার জন্য যোগ্য হবেন না/আবেদনও করতে পারবেন না।

১২. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হ'ল। ইহা অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,

আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৪৩২২
e-mail:morahajsection@gmail.com

নং-১৬.০০.০০০০.০০৩.৩৮.০০৪.১৯.১২৪১

তারিখ : ২৭ আষাঢ় ১৪২৬ / ১১ জুলাই ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব.. মন্ত্রণালয়/বিভাগ।
৪. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৬. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস, বাড়ি নং-০৫, রোড নং-৮২, গুলশান-২, ঢাকা।
৭. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৮. অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা।
৯. মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১০. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা (**উল্লিখিত ব্যক্তিবর্গের অনুকূলে মেশিন রিডেবল পাসপোর্ট ইস্যুর অনুরোধসহ**)।
১১. কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
১২. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, মক্কা-আল-মোকাররমা, সৌদি আরব।
১৩. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
১৪. মহাব্যবস্থাপক (সেলস্), বিমান, মতিঝিল, ঢাকা (**বর্ণিত হজযাত্রীগণের অনুকূলে নির্ধারিত তারিখে বিমান টিকিট সংরক্ষণের অনুরোধসহ**) ।

১৫. পরিচালক (হজ), হজ অফিস, আশকোনা, ঢাকা (জি.ও. তে বর্ণিত সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্নের অনুরোধসহ)।

১৬. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

১৭. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

১৮. উপ-পরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস/জেলা পাসপোর্ট অফিস.. জেলা (সম্মানিত রাষ্ট্রীয় খরচে হজযাত্রীদের অনুকূলে মেশিন রিডেবল আন্তর্জাতিক পাসপোর্ট জরুরি ভিত্তিতে সরবরাহের অনুরোধসহ)।

১৯. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২০. সিস্টেম এ্যানালিস্ট, আইসিটি সেল, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **{তাঁকে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) তে প্রকাশ করার অনুরোধ করা হলো}**।

২১. হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

২২. মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয়, মতিঝিল, বা/এ, ঢাকা।

২৩. উপ-মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, জিরোপয়েন্ট শাখা, ঢাকা।

২৪. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

২৫. ব্যবস্থাপনা, বিজনেস অটোমেশন লিঃ, বিডিবিএল ভবন, ১২ কাওরান বাজার, ঢাকা **(তাঁকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ সংক্রান্ত ওয়েবসাইট (www.hajj.gov.bd) এ প্রকাশ করার অনুরোধ করা হলো)**।

২৬. সংশ্লিষ্ট সকল অফিস/সংস্থা দপ্তর প্রধান:...।

২৭. জনাব..।

১১/৭/১৯

আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ
সিনিয়র সহকারী সচিব